



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার খাদ্য অধিদপ্তর অভ্যন্তরীণ সংগ্রহ শাখা খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.১৮

তারিখ: ১০ মাঘ ১৪২৯

২৪ জানুয়ারি ২০২৩

বিষয: চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২২-২৩ মৌসুমে রংপুর ও চট্টগ্রাম বিভাগে চালের অতিরিক্ত

বরাদ্দ প্রদান।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রামের স্মারক নং ১৩.০১.০০০০.২১০.০৯.০০১.২২.২৪০, তারিখ: ১৮-০১-২০২৩

খ্রি.

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের স্মারক নং ১৩.০১.০০০০.২৬৩.৪৫.০০৫.২২.১৫১, তারিখ: ২৩-০১-২০২৩

খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম ও রংপুর তাদের বিভাগের অনুকূলে চালের প্রদত্ত লক্ষ্যমাত্রার অতিরিক্ত যথাক্রমে ৩০২ মে.টন ও ১৫,০০০ মে.টন চালের বরাদ্দ প্রদানের জন্য চাহিদা প্রেরণ করেছেন। নির্ধারিত সময়ের মধ্যে অভ্যন্তরীণ আমন সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন করার স্বার্থে চট্টগ্রাম বিভাগের অনুকূলে অতিরিক্ত ৩০২ মে.টন ও রংপুর বিভাগের অনুকূলে অতিরিক্ত ১৫,০০০ মে.টন চালের বরাদ্দ নিয়বর্ণিত শর্তে প্রদান করা হলো।

- ক) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা কমিটিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে বরাদ্দ প্রদান করবেন;
- খ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপিট বরাদ্দ প্রদান করা যাবে।
- গ) এ অতিরিক্ত লক্ষ্যমাত্রা বিভাগের বিভিন্ন জেলায় যে সকল মিলার চুক্তিকৃত সমুদয় চাল ইতিমধ্যে পরিশোধ করেছেন এবং বর্তমানে সরকারি গুদামে আরও চাল সরবরাহ করতে আগ্রহী তাদের আবেদনের ভিত্তিতে আগে আসলে আগে ভিত্তিতে বরাদ্দ প্রদান করতে হবে। বরাদ্দ প্রদান এবং বরাদ্দ মোতাবেক বিনির্দেশ সম্মত চাল গুদামে সরবরাহের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্টগণ দায়ী থাকবেন।
- ঘ) অতিরিক্ত এ বরাদ্দ পরবর্তীতে যথাসময়ে জাতীয় লক্ষ্যমাত্রার সাথে সমন্বয় করা হবে।

অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশ সম্মত চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



## ২৪-১-২০২৩ মোঃ রায়হানুল কবীর পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর/চট্টগ্রাম

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.১৮/১(১২)

তারিখ: <u>১০ মাঘ ১৪২৯</u> ২৪ জানুয়ারি ২০২৩

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) উপসচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

মোঃ রায়হানুল কবীর পরিচালক